DR. GOUR MOHAN ROY COLLEGE ESTD 1965 MONTESWAR PURBA BARDHAMAN

বঙ্গের কুশীলবেরা

বিজয় দাই

- বাড়ি: বীরভূমের মল্লারপুরের দক্ষিণগ্রামে
- পড়াশোনা: কল্যাণী সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে বি-টেক। যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে এম-টেক।
- ইসরো: চন্দ্রযান-৩-এ 'অপারেশন টিম' -এর সদস্য।

সৌম্যজিৎ চট্টোপাধ্যায়

- বাড়ি: বীরভূমের সিউড়ির রায়পুরে
- পড়াশোনা: বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ বি-টেক।
- ইসরো: রিমোট সেন্সিং স্পেসক্র্যাফ্ট মিশনে যুক্ত। চন্দ্রযান -৩-এর অপারেশন ডিরেক্টর (মিশন সফটঅয়্যার)।

কৃশানু নন্দী

- বাড়ি: বাঁকুড়ার পাত্রসায়রের ডান্না-তে
- পড়াশোনা: আরসিসি ইনস্টিটিউট অব ইনফর্মেশন টেকনোলজি থেকে বি-টেক, এম-টেক যাদবপুর বিশ্ববিদ্যালয়ে।
- ইসরো: চাঁদে নামার পরে রোভার বা রোবট গাড়ির গতিবিধি সমন্বয়ের দায়িত্বে থাকা দলের সদস্য

তুষারকান্তি দাস

- বাড়ি: মুর্শিদাবাদের বেলডাঙায়
- পড়াশোনা: বহরমপুরের কৃষ্ণনাথ কলেজ থেকে গণিতে স্নাতক। আইআইটি খড়্গপুর ও আইএসএম ধানবাদে উচ্চতর শিক্ষা।
- ইসরো: চন্দ্রযান-৩ প্রকল্পে যুক্ত।

অনুজ নন্দী

- বাড়ি: উত্তর দিনাজপুরের ইসলামপুরে
- পড়াশোনা: রায়গঞ্জ ইউনিভার্সিটি কলেজের পরে যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে পদার্থবিদ্যায় স্নাতকোত্তর। পরে, এম টেক এবং পিএইচ ডি-ও করেছেন।
- ইসরো: চন্দ্রযান ৩-এর 'ল্যান্ডার'কে বয়ে নিয়ে যাচ্ছে যে 'প্রোপালশন মডিউল পে-লোড', তার গায়ে 'স্পেকট্রো-পোলামেট্রি অব হ্যাবিটেবল প্ল্যানেট আর্থ' (সংক্ষেপে 'শেপ') নামে যন্ত্র নির্মাণের দায়িত্বে।

পীযূষকান্তি পট্টনায়ক

- বাড়ি: পূর্ব মেদিনীপুরের উত্তর কাটালে
- পড়াশোনা: কল্যাণী সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি-টেক, খড়্গপুর আইআইটি থেকে এম-টেক।
- ইসরো: চন্দ্রযান ৩-এর তাপমাত্রা নিয়ন্ত্রণে রাখার দায়িত্বে

ইসরোর কন্ট্রোল রুমে ব্যস্ত পীযূষকান্তি পট্টনায়ক।

কৌশিক নাগ

- বাড়ি: জলপাইগুড়ি
- পড়াশোনা: জলপাইগুড়ি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে কম্পিউটার সায়েন্স নিয়ে পড়েন
- ইসরো: চন্দ্রযান-৩-এর সফটওয়্যার অপারেশনে যুক্ত

DR. GOUR MOHAN ROY COLLEGE MONTESWAR PURBA BARDHAMAN

DR. SOUR MOHAN ROY COLLEGE MONTESWAR PURBA BURDWAN ESTD-1947

চাঁদের হাট

‘চন্দ্রযান ৩’-এর নেপথ্যে যে সমস্ত বিজ্ঞানী অগ্রগণ্য

শ্রীধর পানিকর সোমনাথ
ইসরোর চেয়ারম্যান। ‘চন্দ্রযান ৩’ নিয়ে রওনা হওয়া বাহুবলী রকেটের অন্যতম কারিগর। অভিনয় করেছেন মঙ্গলযান সংক্রান্ত সংস্কৃত ছায়াছবি ‘যানম্’-এ।

এস উন্নিকৃষ্ণন নায়ার
চন্দ্রযানের সফল লঞ্চারের পুরোধা। ‘গগনযান’-এ মহাকাশে মানুষ পাঠানোর উদ্যোগে ইসরোর অন্যতম বিজ্ঞানী। লেখেন ছোটগল্প।

পি ভিরামুথুভেল
‘চন্দ্রযান ৩’-এর প্রজেক্ট ডিরেক্টর। ‘চন্দ্রযান ২’-এ ল্যান্ডারের ব্যর্থতা থেকে তাঁর লব্ধ অভিজ্ঞতা পরের চার বছরে সাফল্য নিয়ে এল।

এম শঙ্করণ
ভারতের সব ক’টি চন্দ্রাভিযানে যুক্ত। ঠান্ডা-গরমে চন্দ্রযানের সহ্যশক্তি যাচাই এবং পরীক্ষার জন্য কৃত্রিম চন্দ্রপৃষ্ঠ তৈরির দায়িত্বে।

মুথাইয়া বনিতা
‘চন্দ্রযান ২’-এর প্রজেক্ট ডিরেক্টর। ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ার। চন্দ্রাভিযানে নেতৃত্ব দেওয়া প্রথম ভারতীয় মহিলা।

ভি নারায়ণন
‘চন্দ্রযান ৩’-এর ‘সফট ল্যান্ডিং’-এ সাফল্যের নেপথ্যে রয়েছেন খড়্গপুর আইআইটি-র এই প্রাক্তনী।

কল্পনা নন্দগোপাল
কোভিডের মধ্যেও ‘চন্দ্রযান-৩’-এর কাজ চালিয়ে নিয়ে যাওয়ার কৃতিত্ব অনেকাংশেই তাঁর।

বি এন রামকৃষ্ণ
ল্যান্ডার বিক্রমের সঙ্গে ইসরোর সমন্বয় বজায় রাখার দায়িত্বে ছিলেন।

DR. SOUR MOHAN ROY COLLEGE MONTESWAR PURBA BURDWAN